# অপেক্ষা

জ্যোৎস্না মন্ডল

BANGLADARSHAN.COM

# সূচিপত্র


| কবিতার নাম | পৃষ্ঠা সংখ্যা |
| --- | --- |
| খুশির আমেজ | ৩ |
| প্রকাশিত | ৪ |
| দখল | ৫ |
| আশ্বস্ত | ৬ |
| বিলীন | ৭ |
| পথচলা | ৮ |
| প্রেমের প্রান্তরে | ৯ |
| অসময়ে প্লাবন | ১০ |
| অপেক্ষা | ১১ |
| তোমাকে নিয়ে | ১২ |
| পিপাসা মেটে | ১৩ |
| যন্ত্রণার অবসান | ১৪ |
| পরিতৃপ্তি | ১৫ |
| ভালো বাসা | ১৬ |
| আবেগ আসে না মনে | ১৭ |
| পিপাসা | ১৮ |
| আলগা বাঁধন | ১৯ |
| দহন জ্বালা | ২০ |
| দেশী ভাষা কবির আশা | ২১ |
| দুজনে ভাসি | ২২ |
| প্রাপ্তি | ২৩ |
| বেসামাল তরী | ২৪ |
| ডাক এসেছে | ২৫ |
| বাদল দিনে | ২৬ |


BANGLADARSHAN.COM

# খুশির আমেজ

আজ সারাদিন কেটে গেলো বেশ
গল্পের আমেজে,
হাসি খুশির ঝলক ছিল দুজনের মুখে,
ভালোবাসার মোড়কে বাসা বেঁধেছিল কিছু পুরোনো স্মৃতি,
আকাশের ক্যানভাসে তুলি দিয়ে আঁকি কত ছবি দুজনে পরম সুখে।

এই তো বেশ ছিল গোছানো জীবন রথ,
টানতে গিয়ে ভারের চাপে অন্ধকারে হারিয়ে যাওয়া গঙ্গা বক্ষে,
আজ অসীম অনন্ত আকাশে ভালোবাসার আতস বাজি করছে খেলা
এখনো হাত ধরে দুজনের পথ চলা বাকী জীবন প্রশস্ত রাস্তার বাঁকে॥

BANGLADARSHAN.COM

# প্রকাশিত

আমার হৃদয়মাঝে লুকিয়ে রেখেছিলাম যারে,
অবগুণ্ঠন খুলে প্রকাশিত সে আজ
দেখলো সবাই তারে,
আনন্দঘন মুহূর্তে তোমায় পেলাম নতুন করে,
ওরে ও দিল দরিয়ার মাঝি
ভিরাও নৌকা আমার মন ঘাটের পারে।

তোমার পাশে ছিলাম গভীর ক্ষণে,
স্বপ্ন দিয়ে এঁকেছিলেম প্রেমনদী দুজনে,
আলোর মালা উজ্জ্বল হয়ে জ্বলে ওঠে মনে,
তোমার আসার পথে চেয়ে থাকি আনমনে।

BANGLADARSHAN.COM

# দখল

দখল করে নিলে কিভাবে মনটা জানিনা,
কাজের স্রোতে ভেসে যাওয়া বহমান সময়,
নতুন করে সুগন্ধ ছড়ায় নব চেতনা,
তোমার হতে পেরেছি কিনা বলবে আত্মপ্রত্যয়।

সেদিনও ছিলাম অচেনা ও অজানা,
আজ দুটি মন বিশ্বাসের মোড়কে আবৃতপ্রায়,
মধুর লগনে দুজনের আজ এক ভাবনা,
যতই জীবন আসুক শেষ সীমানায়।

BANGLADARSHAN.COM

# আশ্বস্ত

"ভালো আছি" দূরাভাষে এই কথাটি মনের ভিতর পর্যন্ত শান্তি আনে,
এই কথাটি শোনার জন্য থাকে উগ্র অপেক্ষা,
মনের চঞ্চলতা বুঝতে পারে তোমার ভালো থাকার মানে,
তোমার ভালোবাসাকে কখনো করতে পারিনি উপেক্ষা।

প্রেম প্রবহমান নদীর স্রোতের প্রবল টানে,
পাথর নুড়িতে নদীর গতি বাধাপ্রাপ্ত হয়ে আরো খরস্রোতা হতে জানে,
তাকিয়ে থাকা কত প্রহর এক দৃষ্টিতে মুঠোফোনে,
অস্থির মন ব্যাকুল হয়ে ওঠে
তোমার আশ্বস্ত বার্তার আকর্ষণে।

BANGLADARSHAN.COM

# বিলীন

এসেছো শুভক্ষণে শুভ লগনে,
পরম প্রাপ্তি একঘেয়ে জীবনে,
নেভাতে চাই না আমার ভাবের ঘরের বাতি,
এ মন মানতে চায় না কোনো রীতিনীতি।

মন খারাপ করা রাতগুলো
শিরদাঁড়া বেঁয়ে নামে নিচের দিকে,
দু গাল বেয়ে নেমে আসে অশ্রুধারা
অজান্তেই ভাবনার ফাঁকে,
ছুঁতে যতই চায় এ মন তোমাকে,
বিলীন হয়ে যায় সে প্রেম নিস্তব্ধ নিশীথ রাতে।

BANGLADARSHAN.COM

# পথচলা

খুব কঠিন রাস্তা ধরে চলছি সহজমনে,
নেই কোনো প্রত্যাশা তা হৃদয় জানে,
মসৃণ পথ করে নিতে হয় নিজের গুণে,
তুমি রয়েছো সাথে হারানো পথের সন্ধানে।

ফিরে পেতে চাই যা কিছু ভালো লাগা এ জীবনে,
পশ্চিম আকাশ রক্তিম আজ সূর্যের অস্তমিত প্রাঙ্গণে,
নবীন করে এসেছ তুমি ভালোবাসার আবরণে,
নেই দ্বিধা কোনো হৃদয় সঁপিতে নীরবে নির্জনে।

BANGLADARSHAN.COM

# প্রেমের প্রান্তরে

প্রয়োজনের সম্পর্কে আটকে গেলাম দুজনে,
নিজের সুবিধা রাজ্যে কাউকে প্রবেশ করতে দিতে নেই
এ উপলব্ধি পরিপক্কতার ফসল,
এ সম্পর্কে আবেগের কোনো স্থান থাকেনা,
শুধু প্রয়োজনে প্রেম বাঁচিয়ে রাখা একে অপরের জন্য।

ফুরাবে জানিনা কবে চিরন্তন ভালোবাসার জন্য প্রতীক্ষা,
উজার করে ভালোবাসার মধ্যে রয়েছে পরম সুখ,
প্রেমানলে একটু একটু করে পুড়ে ছাই হয়ে যেতে থাকে মন ও দেহ,
সাক্ষী রইলো আকাশ বাতাস নদ নদী সমুদ্র ও গভীর অরণ্য।

BANGLADARSHAN.COM

# অসময়ে প্লাবন

এ চোখে চেতনার চাউনি
এ মনে চরম আন্দোলন,
এ প্রাণ আঁধারে আলো খোঁজে
নিজেরে করে সমর্পণ।

দখিনা বাতাস কানে কানে বলে
সুন্দর হোক আমার গমন,
আকাশের শুভ্র মেঘরাশি
সাজায় মনের অঙ্গন।

যত দূরে তাকাই তোমারেই দেখি
মনেতে যে আজ ভরা ফাগুন,
দোদুল দোলায় দোলে এ মন
অসময়ে যে এসেছে প্লাবন।

BANGLADARSHAN.COM

# অপেক্ষা

অপেক্ষা বেশ ভালো লাগে আমার....
দাঁড়িয়ে আছি ব্যালকনিতে তোমার অপেক্ষায়,
দেখলাম হন হন করে নিচের রাস্তা দিয়ে চলে গেলে অনেক দূর,
তাকিয়ে ছিলাম একদৃষ্টিতে যতক্ষণ তোমায় দেখা যায়।

ইচ্ছে করে জলের ধারে বসি পাশাপাশি,
ভরুক মন তোমার হাতের আলতো ছোঁয়ায়,
উড়িয়ে দিলাম রঙিন স্বপ্নগুলো নীল আকাশে,
আমার প্রেম উড়ে যায় নতুন দেশে বকের পাখায়।

BANGLADARSHAN.COM

# তোমায় নিয়ে

রাত ভোর বৃষ্টিতে ঘুমিয়ে পড়েছিলাম একটু শেষ রাতে,
মন খারাপ করা মেঘলা আকাশের দিকে তাকিয়ে
ভেবেছিলাম তোমার কথা অনেকক্ষণ,
নিদ্রাচ্ছন্ন দৃষ্টিতে ধরা পড়ে আছ আঁখি পাতে,
তোমায় গভীর করে চাওয়া শেষ হবে না কোনোদিন।

অনুভবের পাতায় লিখে ফেলি কত শত কথা,
স্বপনে আঁকি কত মায়াবী রাতের গল্প গাঁথা,
যেদিন সম্মুখে এসে দাঁড়াবে দু বাহু বাড়ায়ে,
ধরা দেবো নিজেকে মুছে দিয়ে অনেক মলিনতা।

BANGLADARSHAN.COM

# পিপাসা মেটে

পিপাসার জল সে এনেছিল সেদিন যত্ন করে,
তৃষ্ণার্ত ছাতি তৃপ্ত হয় অবশেষে,
নতুন ভাবনারা ডাল পালা মেলে দেয় আকাশের দিকে,
মিটে যেতে চায় মনের যত আশা নিমেষে।

সাধ মেটানোর পথ যে বড়ই কঠিন,
রবি অস্তমিত দিনের শেষে,
নতুন করে বাঁচার মানে খুঁজতে গিয়ে,
তোমার দেখা পেয়ে গেলাম মনের দেশে।

এলেই যখন রয়ে যাও জীবনের আর কটা দিন,
হৃদয় আবৃত গভীর প্রেমের আবেশে,
নতুন করে রোমাঞ্চ জাগে জং ধরা মনে,
হতাশার শিকল ভেঙে এ মন তোমাতে মেশে।

BANGLADARSHAN.COM

# যন্ত্রণার অবসান

এক কোণে পড়ে আছি একাকী কত শত দিন,
দীর্ঘ যন্ত্রণা আর কত সয়?
বুঝতে পারে না কেউ নিখাদ ভালোবাসা,
নিজের মতো করে ভাবতে লাগে ভয়।

পৃথিবী খুঁজে একটি মানুষ যদি থাকে,
ভালোবাসার মর্ম এ মন বোঝাতে যে চায়,
সঠিক পথের দিশা দেখানোর চেষ্টা অবিরাম,
সে যদি বোঝে তবেই তোমার জয়।

BANGLADARSHAN.COM

# পরিতৃপ্তি

অনেকদিন হয়ে গেল পার্থ
তোমার সঙ্গে দেখা হয় না,
সেই কবে তোমায় দেখেছিলাম সোনাঝুরিতে গাছের ফাঁকে,
একান্ত আপন করে.....
আজ লাল পলাশের বনে
তোমায় একটি বার দেখতে চাই পার্থ,
বুকের ব্যাথাটা আজকাল জ্বালায় বড়,
তোমার উত্তাপের অপেক্ষায় তোমার আদরের শালফুল,
এসো আমার মনের প্রাঙ্গনে,
তোমার স্পর্শে তৃপ্ত করো আমার দেহ মন যৌবন।

BANGLADARSHAN.COM

# ভালো বাসা

ভেবেছিলাম হারিয়ে যাব পথের বাঁকে,
অনেক সময় নিয়ে গুছিয়ে নিলাম নিজেকে,
কিছু ফেলে চলে গেলেও আসা হবে না এখানে,
অস্থিরতা কেটে গেল
সঠিক ঠিকানায় পৌঁছে যাবার ফাঁকে।

তোমার খোঁজে এতদূর আসা,
তোমায় নিয়ে স্বপ্ন সায়রে ভাসা,
হারিয়ে খোঁজার নিভৃত বাসরে,
তোমায় নিয়ে রচিলাম ছোট্ট একটি ভালো বাসা।

BANGLADARSHAN.COM

# আবেগ আসে না মনে

“বিকেলের পড়ন্ত বেলায় লাল রঙা রোদ্দুরে তোমাকে দেখাচ্ছিল বেশ”,
“তাড়িয়ে তাড়িয়ে অনুভব করছিলাম তোমার সৌন্দর্য”,
এসব কথায় আর আবেগ আসেনা মনে।

দীঘার সৈকতে হাত ধরে হাঁটতে হাঁটতে চলে গিয়েছিলাম অনেকটা পথ,
আবেগ আসতে কথার প্রয়োজন ছিল না কোনোদিন,
আড় চোখে পড়ে নিলে সরল মনের পাতা,
আজ শত আদরেও আবেগ আসে না মনে।

চাওয়া পাওয়ার হিসেব মিলিয়ে চলিনি তোমার সাথে,
আমার উপর ভরসা করে মুক্ত হয়ে উড়ে বেড়াতে সেদিন,
অভিমান ভাঙাতে করতে না মোটেই দেরী,
জড়িয়ে কাছে টেনে নিলেও আজ আবেগ আসে না মনে।

BANGLADARSHAN.COM

# পিপাসা

এখন আর নিজের কথা ভাবতে ইচ্ছে করেনা,
ভ্রমণ পিপাসু মন নিয়ে করেছি অনেক চক্ষু চরিতার্থ,
আজ পা আটকে যায় বাড়ীর চৌকাঠে, মন চলেনা,
পিছনে ফিরে তাকাই জড়িয়ে যারা আছে হয়ে নিঃস্বার্থ।

খুশির লগন এলেও আবেগ সাড়া দেয় না,
মায়ার বন্ধনে গভীর জ্বালা অব্যর্থ,
তোদের মুখে সুখের ছায়া করি রচনা,
মাঝ সমুদ্রে তোদের কান্ডারী খোঁজে জীবন পিপাসার অর্থ।

BANGLADARSHAN.COM

# আলগা বাঁধন

এই তো সেদিন বললে আমায়
আমার নাকি গুমোর ভারি,
আগ বাড়িয়ে এগিয়ে গেলে
ভাবনার জাল সারি সারি ।

সম্পর্কটা জমে ক্ষীর হবে
গুড় যত ঢালতে পারি,
ভাববে আমায় পরম বীর
তোমার মতে মাথা নাড়ি।

সাগর পাড়ে বালি দিয়ে
যতই তুমি বানাও বাড়ি,
ধুয়ে যাবে এক নিমেষে
তরঙ্গ এসে মারলে বাড়ি।

BANGLADARSHAN.COM

# দহন জ্বালা

সবাই দেখে বনের অনল,
কেউ না দেখে মনের অনল,
বন পোড়া ময়ূরীর দহন প্রবল,
সাধের জনম পুড়ে ছার খার হল,
নিভাই কেমনে এ জ্বালা সখীরে।

নদী পাড় ভাঙনের পথে তারেই খোঁজে,
নিথর হয়ে যাওয়া বোবা মন কে আর বোঝে,
নয়নের জল নদীর জলে যায় মিশে,
পাথরে আছড়ে পড়ে যত পিয়াসা শেষে,
মেটাই কেমনে এ জ্বালা সখীরে।

যারে দেখলে পরে জুড়ায় পরান,
তারে দেখার লাগি আকুল হয় রে প্রাণ,
নিয়মের বেড়া পার হব কেমনে,
বলে দে লো সখী নিভৃতে যতনে,
জুড়াই কেমনে এ জ্বালা সখী রে।

BANGLADARSHAN.COM

# দেশী ভাষা কবির আশা

বাংলা আমার মাতৃভাষা
বাংলা আমার আশা,
বাংলা আমায় স্বপ্ন দেখায়
বাংলা শিক্ষা দেয়।

জন্ম বাংলা মায়ের কোলে
কথা বলি তোমার বোলে,
গান গাই আমি বাংলা ভাষায়
তোমার সুর জগত দেখায়।

তোমার ভাষায় মাকে ডাকি
তোমায় ভালোবাসায় নেই যে ফাঁকি,
বাংলা ভাষায় হৃদয় ভরি,
মোদের জীবন সার্থক করি।

BANGLADARSHAN.COM

# দুজনে ভাসি

মায়াবী এ গভীর রাতে
মন যেন আজ তোমার সাথে
দূরে যতই থাকনা প্রিয়ে
রেখেছি দুটি হাত তোমারই হাতে॥

মিশকালো অন্ধকার আকাশেতে
দুজনার স্বপ্নিল চোখ স্বপন দেখি একসাথে,
পিয়াসী এ মন বারে বারে চায়,
নিবিড় করে তোমায় কাছে পেতে॥

গভীর রজনী গভীর হতে হতে
মন পেয়ালার প্রেম চায় না ফুরাতে,
দূরে কেন প্রিয় কাছে এস মোর
মিলনের বাঁশির সুরে ভাসি দুজনাতে॥

BANGLADARSHAN.COM

# প্রাপ্তি

তোমায় পেলাম অনেক দিনের অন্বেষণের পর,
শিকল ছিঁড়ে মিলন হবার পথ যে কষ্টকর।

পাথর বুকে চাপা দিয়ে যন্ত্রের মতো চলা,
নদীর মতো কলকল করে নাইবা কিছু বলা।

সইতে যতই পারা যায় কঠিন পথে চলে,
এ পীরিতি রয়ে যাবে বিশ্ব মাতার কোলে।

মনের ঘরে জ্বালাইয়া রাখি নিত্য দিনের বাতি,
তোমার স্বপ্নে বিভোর হয়ে কাটাই দিবা রাতি।

BANGLADARSHAN.COM

# বেসামাল তরী

জীবনের শেষ তটে নৌকা বেসামাল,
মন মাঝি তুই বৈঠা নে রে
আমি আর বাইতে পারি না,
তরী ভাটা সয় উজানও সয়
কুলে আইসা কেন তরী টাল মাটাল,
শক্ত হাতে হাল আর ধরতে পারি না।

পশ্চিমে মেঘের পরে মেঘ জমেছে
কালো আকাশে আজ গুরু গর্জন,
মনের পালে আজ লেগেছে দমকা হাওয়া,
দিক ভ্রষ্ট কান্ডারী আজ বড়ই আনমনা।

BANGLADARSHAN.COM

# ডাক এসেছে

বেড়িয়েছিলাম পরনে এক কাপড়
হাতছানি ছিল সিঁথিতে সিঁদুর পড়ার,
নাকের নোলক দুলছিল জোর বাতাসে
আজ লগ্ন অন্যের অধীন হবার।

হৃদপিন্ডের আওয়াজ ভাসছে কানে
কাঁপন লাগে মনের ভিতর ঘরে,
বাজবে বীণ প্রথম প্রেমের রাগে
দ্বন্দ্ব লাগে স্বাধীন চলার পরে।

খুশির ঝলক যতই আসুক প্রাণে
সোহাগ মাখা বন্ধুত্ব পাবার আশে,
দিনের পরে দিন যাবার কালে
গভীরতা আসুক সুঠাম নবীন বেশে।

BANGLADARSHAN.COM

# বাদল দিনে

এক আকাশ সাজানো বাগানে
যেন আজ নব জাগরণ,
সীমানা পেরিয়ে চলে আসা
চোখে হাতছানির স্বপন।

জানিনা তার মনের খবর
দুটি হাতে আজ গোলাপের সজ্জা,
গালের টোলে এঁকে দিলাম
না বলা অনেক লজ্জা।

যারে চাহ তুমি মনের মাঝারে
অনুভবে সে তোমারেই খোঁজে,
সাগরের ঢেউ উথাল পাথাল
না বলা বাণী তোমারে বোঝে।

BANGLADARSHAN.COM

সুরের আকাশে কাছে যেতে চায়
মেতেছে হৃদয় এ বাদল দিনে,
হৃদয়ের কাঁপন নদী শুধু বোঝে
জানি না সে জন নেবে কী চিনে।

॥সমাপ্ত॥